# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৪৮

৭/ যাকাত (كتاب الزكاة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যাদের জন্য যাকাত হালাল।

## باب مَا جَاءَ مَنْ تَحِلُّ لَهُ الزَّكَاةُ

---

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ حَكِيمِ بْنِ جُبَيْرٍ، بِهَذَا الْحَدِيثِ . فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ بْنُ عُثْمَانَ صَاحِبُ شُعْبَةَ لَوْ غَيْرُ حَكِيمٍ حَدَّثَ بِهَذَا الْحَدِيثِ . فَقَالَ لَهُ سُفْيَانُ وَمَا لِحَكِيمٍ لاَ يُحَدِّثُ عَنْهُ شُعْبَةُ قَالَ نَعَمْ . قَالَ سُفْيَانُ سَمِعْتُ زُبَيْدًا يُحَدِّثُ بِهَذَا عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَصْحَابِنَا وَبِهِ يَقُولُ الثَّوْرِيُّ وَعَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . قَالُوا إِذَا كَانَ عِنْدَ الرَّجُلِ خَمْسُونَ دِرْهَمًا لَمْ تَحِلَّ لَهُ الصَّدَقَةُ . قَالَ وَلَمْ يَذْهَبْ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى حَدِيثِ حَكِيمِ بْنِ جُبَيْرٍ وَوَسَّعُوا فِي هَذَا وَقَالُوا إِذَا كَانَ عِنْدَهُ خَمْسُونَ دِرْهَمًا أَوْ أَكْثَرُ وَهُوَ مُحْتَاجٌ فَلَهُ أَنْ يَأْخُذَ مِنَ الزَّكَاةِ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَغَيْرِهِ مِنْ أَهْلِ الْفِقْهِ وَالْعِلْمِ .

বাংলা

৬৪৮. মাহমুদ ইবনু গায়লান (রহঃ) ...... এই হাদিসটি ইয়াহইয়া ইবনু আদম (রহঃ) সুফিয়ান (রহঃ) সূত্রে হাকীম, ইবনু জুবায়র থেকে রিওয়ায়াত করেছেন। শু’বা (রহঃ)-এর অন্যতম ছাত্র আবদুল্লাহ্ ইবনু উসমান (রহঃ) সুফিয়ান (রহঃ)-কে বললেন, হাকীম ছাড়া অন্য কেউ হাদিসটি রিওয়ায়াত করত? তখন সুফিয়ান (রহঃ) বললেন, হাকীমের কী হয়েছে, শু’বা কি তাঁর বরাতে হাদিস বর্ণনা করেন না? আবদুল্লাহ ইবনু উসমান (রহঃ) বললেন, হ্যাঁ। সুফিয়ান (রহঃ) বললেন, আমি যুবায়দ (রহঃ)-কে এ হাদিসটি মুহাম্মদ ইবনু আব্দুর রহমান ইবনু ইয়াযীদ (রহঃ)-এর বরাতে রিওয়ায়াত করতে শুনেছি। - তিরমিজী হাদিস নম্বরঃ ৬৫১ [আল মাদানী প্রকাশনী]

আমাদের কোন কোন আলিমদের এই হাদিস অনুসারে আমল রয়েছে। সুফিয়ান সাওরী, আবদুল্লাহ্ ইবনু মুবারক, আ□হমাদ ও ইসহাক (রহঃ)ও এ মত পোষণ করেন। তাঁরা বলেন, যদি কারো কাছে পঞ্চাশ দিরহাম পরিমাণ অর্থ থাকে তবে তার জন্য আমল করেননি। এ বিষয় তাঁরা আরো সুযোগ রেখেছেন। তাঁরা বলেন, কারো নিকট পঞ্চাশ বা ততোধিক পরিমাণ দিরহাম থাকা সত্ত্বেও সে যদি অভাবগ্রস্থ হয়, তবে তার জন্য যাকাত গ্রহণ হালাল। এ হল ইমাম শাফিঈ প্রমুখ ফিকহবিদ আলিমের অভিমত।

## English

Mahmud bin Ghaydin narrated to us:
Yahya bin Adam narrated to us, Sufyan narrated this Hadith to us from Hakim bin Jubair. So Abdullah bin Uthman, the companion of Shu'bah said to him (Sufyan): "If only someone besides Hakim had narrated this (Hadith)." Sufyan said to him, "So what is with Hakim; Shu'bah would not narrate from him?" He said: "Yes." So Sufyan said: "I heard Zubaid narrating this from Muhammad bin Abdur-Rahman bin Yazid."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17837

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন